**Bengali (H) -2nd Semester**

**Topics-ইংরেজি সাহিত্যে Geoffrey Chaucer-এর অবদান**

ইংরেজি সাহিত্যের বিখ্যাত গ্রন্থ 'Canterbury Tales'-এর রচয়িতা হলেন Geoffrey Chaucer(1340-1400)।তাঁর রচনা সমূহকে তিনটি পর্বে ভাগ করা যেতে পারে।-

- প্রথম পর্ব(1366-72):

  ফরাসি সাহিত্যের প্রভাব এই সময়ের রচনাগুলিতে লক্ষ্য করা যায়। এই সময়ের উল্লেখযোগ্য রচনা গুলি হলো –'Romannt of the Rose','The Boke of the Duchesse ','A B C','A complaint to his Lady', 'The Complaint upto pity 'ইত্যাদি।

- দ্বিতীয় পর্ব (1373-1384)

ইতালি সাহিত্যের প্রভাব এই সময়ের রচনার উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। যেমন – 'Boece','The House of Fame', 'Troilus and Criseyde','The parliament of Foules','The Legend of good Women '।

- তৃতীয় পর্ব (1385-90)

এই সময়ের উল্লেখযোগ্য রচনা গুলি হলো – 'Canterbury Tales','The. Complaint of Mars', 'Words unto Adam','Rosamounde','Womanly Nobless','Annelids and Arcite'ইত্যাদি।

রচনা বৈশিষ্ট্য :

পৃথিবীর নানা ভাষা সাহিত্যেই লক্ষ্য করা যায় যে, যখনই কোন কবিকে ভাষা নির্মাণের দিকে নজর দিতে হয়েছে,তখনই তিনি সম্পূর্ণ মৌলিক রচনার চেয়ে বেশি অনুবাদকে গুরুত্ব দিয়েছেন। তবে যে যুগে Chaucer-এর কাব্য-কবিতাগুলি রচিত হয়েছে সেই সময় ইংরেজি ভাষা তেমন ভাবে তৈরি না হওয়ায় বেশির ভাগ ক্ষেত্রেই তিনি অনুবাদ করেছেন ফরাসি কাব্যের।

তবে রূপকের প্রতি টান Chaucer-এর কবি প্রতিভার একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।'The House of Fame','The parliament of Foules'তাঁর বিখ্যাত রূপক। রূপকের সুদৃঢ় কাহিনী, অবিশ্বাসের বাধাকে তুচ্ছ করে গল্পের বিস্তার,পশু-পাখির মুখে মানুষের সংলাপ ইত্যাদি সব রূপকীয় আয়োজনই আছে এই দুই রচনায়।

Chaucer -এর কাব্যে একটা গুরুত্ব পূর্ণ বিষয় হলো প্রেম।'Romannt of the Rose' একটি প্রেমের কবিতা। প্রেমের কবি Chaucer বসন্তেরও কবি। 'The Boke of the Duchesse','The Parliament of Foules' ইত্যাদি নানা রচনায় বসন্ত ঋতুর নানা প্রসঙ্গ এসেছে।

Chaucer অধ্যাত্মবাদকে অস্বীকার করতে পারেননি।'Canterbury Tales' -এর গল্প ধারায় কিম্বা আরো কিছু কবিতায় তাঁর এই বিশ্বাসের আভাস পাওয়া যায়। তবে অধ্যাত্মবাদের চেয়েও মরজগতের কথাই তিনি বেশি ভেবেছেন।

Chaucer- এর বাস্তবতা-নিষ্ঠার আরেকটি সাক্ষ্য তাঁর কাব্যে সকল শ্রেনীর মানুষের জীবন্ত উপস্থিতি। 'Canterbury Tales'এই বিষয়ে এক উল্লেখযোগ্য উদাহরণ।

হাস্যরস Chaucer-এর অপর এক বৈশিষ্ট্য। 'Canterbury Tales'এর ক্লার্ক, সামনের চরিত্রের মধ্যে দিয়েও তিনি হাস্যরস পরিবেশন করছেন।

চব্বিশ বছরের কাব্যসাধনায় যেমন ইংরেজি ভাষা ও ছন্দকে সমৃদ্ধি দান করেছেন।তেমনি নিজ কৃতিত্বে হয়ে উঠেছিলেন ইংরেজি সাহিত্যের প্রকৃত অর্থে জনক।

..... ............×....................×..................